



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

কৃষি ঋণ বিভাগ

এসিডি সার্কুলার লেটার নং - ০১

তারিখঃ ২৬/০৪/২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সোনালী/ জনতা/ অগ্রণী/ রূপালী/ বেসিক/ ব্র্যাক/ আইএফআইসি/ মিডল্যান্ড/ন্যাশনাল ব্যাংক লিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

কর্মসংস্থান ব্যাংক, আইডিএলসি ফাইন্যান্স লিঃ

প্রধান কার্যালয়

ঢাকা/রাজশাহী।

বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% রেয়াতি সুদের হারে ঋণ প্রদানের লক্ষ্যে

পুনঃঅর্থায়ন কর্মসূচীর (Refinance Scheme) আওতায় ঋণ বিতরণ কার্যক্রম জোরদারকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিএফআইডি সার্কুলার নং - ০২ তারিখঃ ০২/০৬/২০১৫ ; এসিডি সার্কুলার লেটার নং - ০৩ তারিখঃ ২৫/০৮/২০১৫ এবং এসিডি সার্কুলার লেটার নং - ০৩ তারিখঃ ১৮/০৮/২০১৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

পুষ্টি ঘাটতি পূরণে দুধের ব্যাপক চাহিদা বিদ্যমান থাকা সত্ত্বেও দেশে উৎপাদিত দুধ চাহিদার তুলনায় অপ্রতুল হওয়ায় প্রচুর বৈদেশিক মুদ্রা খরচ করে দুধ আমদানি করতে হয়। সে প্রেক্ষিতে বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে উপরোক্ত সার্কুলারসমূহের মাধ্যমে ৫% রেয়াতি সুদের হারে পুনঃঅর্থায়ন কর্মসূচীর (Refinance Scheme) আওতায় দুগ্ধ উৎপাদন ও কৃত্রিম প্রজনন খাতে ঋণ প্রবাহ ব্যাপকভাবে বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা হয়।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত পুনঃঅর্থায়ন কর্মসূচীর আওতায় ঋণ বিতরণে অংশগ্রহণকারী অধিকাংশ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের অগ্রগতি সন্তোষজনক নয়। তাছাড়া সার্কুলারে উল্লিখিত নির্দেশনা অর্থাৎ ঋণ বিতরণের পর সংশ্লিষ্ট প্রাণিসম্পদ কার্যালয়ে মাসিক বিবরণী প্রেরণের বিষয়টিও যথাযথভাবে পরিপালন করা হচ্ছে না। কাজেই এ খাতে আবশ্যিকভাবে ঋণপ্রবাহ বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা পরিপালনের জন্য পুনরায় পরামর্শ প্রদান করা যাচ্ছে :

১. ৩০ জুন, ২০১৭ মাসের মধ্যে অবিতরণকৃত সমুদয় অর্থ গ্রাহক পর্যায়ে বিতরণ করতে হবে;
২. ভবিষ্যতে শাখাওয়ারী নির্ধারিত লক্ষ্যমাত্রা আবশ্যিকভাবে অর্জন করতে হবে;
৩. অংশগ্রহণকারী সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে প্রাণিসম্পদ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সহায়তায় প্রকৃত খামারীদের নিকট ঋণ বিতরণ কার্যক্রম জোরদার করতে হবে এবং ঋণ বিতরণের পর প্রাণিসম্পদ কার্যালয়ে মাসিক বিবরণী আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৪. বিতরণকৃত ঋণের সদ্যবহার নিশ্চিত করতে হবে।

এ সংক্রান্ত উপরোল্লিখিত সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(দীনময় রোয়াজা)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩২২